দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 2006
পৃষ্ঠা ২০ কলাম ৪

# বাজিতপুর ডিগ্রি কলেজে ছাত্রী হোস্টেল নেই ॥ ভাটি এলাকা মেয়েরা উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত

॥ বাজিতপুর (কিশোরগঞ্জ) থেকে সংবাদদাতা ॥

১৯৬৪ সালে প্রতিষ্ঠিত ঐতিহ্যবাহী বাজিতপুর ডিগ্রি কলেজটিতে কোন ছাত্রী হোস্টেল না থাকায় বছরের পর বছর ভাটি তথা প্রত্যন্ত এলাকার এসএসসি পাস ছাত্রীরা উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

বাজিতপুর পৌর এলাকাসহ বাস বা রিকশাযোগে যেসব স্থান থেকে কলেজটিতে আসা যায় একমাত্র সেসব এলাকার মেয়েরাই ৪০ বছরের অধিক পুরোনো বাজিতপুর কলেজটিতে পড়াশোনা করার সুযোগ পাচ্ছে। বাজিতপুর উপজেলার হাওর-নদীবেষ্টিত বিশেষ করে হুমাইপুর, মাইজচর, বলিয়ারদী, দীঘিরপাড় ইউনিয়ন এবং দূরবর্তী হালিমপুর, হিলচিয়া, পিরিজপুর ইউনিয়নের মেয়েরা হোস্টেল না থাকায় বাজিতপুর ডিগ্রি কলেজটিতে পড়তে পারছে না। যেসব মেয়ের অভিভাবক অর্থনৈতিকভাবে বেশ সচ্ছল শুধু তারাই বাজিতপুর পৌর এলাকায় বাসা ভাড়া নিয়ে মেয়েদের কলেজে পড়াচ্ছেন। আবার অনেকে কলেজটিতে ভর্তি হতে ইচ্ছুক হওয়া সত্ত্বেও ছাত্রী হোস্টেলের অভাবে অন্যত্র চলে যেতে বাধ্য হচ্ছে। অনেকে পড়াশোনাই বন্ধ করে দিচ্ছে।

বাজিতপুর ডিগ্রি কলেজটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ বেলায়েত হোসেনের সাথে আলাপ করে জানা যায়, কলেজটিতে উচ্চ মাধ্যমিক ও স্নাতক শ্রেণী মিলিয়ে বর্তমানে সাড়ে তিন শতাধিক ছাত্রী রয়েছে। হোস্টেল থাকলে আরও অনেক ছাত্রী পড়ার সুযোগ পেতো।

জানা যায়, ২০০৫ সালের ২ অক্টোবর শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বাজিতপুর
সফরকালে বাজিতপুর উপজেলা প
মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা স
বাজিতপুর ডিগ্রি কলেজে ৫০ শয্যা বি
একটি ছাত্রী হোস্টেল নির্মাণের
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ঘে
দিয়েছিলেন। এলাকাবাসীর প্রত
প্রতিশ্রুতি অনুযায়ী যদি শিক্ষামন্ত্রী
হোস্টেল নির্মাণে কার্যকর ব্যবস্থা
করেন তাহলে উপজেলাবাসী তথা বৃ
ভাটি এলাকার উচ্চ শিক্ষা গ্রহণেচ্ছু মে
উপকৃত হবে, মেয়েদের উচ্চ শিক্ষায়
এলাকা আরও বেশি আলোকিত
উঠবে।